# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৬২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৬৭]

১৭. কুরআন তিলাওয়াতের সিজদাহ (كتاب سجود القرآن)

পরিচ্ছেদঃ কুরআন তিলাওয়াতের সিজদাহ ও তার সুন্নাতী তরীকা

باب مَا جَاءَ فِي سُجُودِ الْقُرْآنِ وَسُنَّتِهَا

আরবী

ـ عَنْ عَبْدِاللَّهِ بْنِ مَسْعُوْدٍ قَالَ: قَرَأَ النَّبِيُّ النَّجْمَ بِمَكَّةَ، فَسَجَدَ فِيهَا وَسَجَدَ مَنْ مَعَهُ غَيْرَ شَيْخٍ، أَخَذَ كَفًّا مِنْ حَصًى أَوْ تُرَابٍ، فَرَفَعَهُ إِلَى جَبْهَتِهِ وَقَالَ: يَكْفِينِي هَذَا، فَرَأَيْتُهُ بَعْدَ ذَلِكَ قُتِلَ كَافِرًا. (بخارى:)

বাংলা

৫৬২) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় অবস্থানকালে সূরা নাজম পাঠ করলেন এবং তাতে সিজদাহ করলেন। মাত্র একজন বৃদ্ধলোক ব্যতীত তাঁর সাথের সকলেই সিজদাহ করল। সে এক মুষ্ঠি পাথর অথবা মাটি নিয়ে কপাল পর্যন্ত উঠিয়ে বললঃ আমার জন্য এতটুকুই যথেষ্ট। আব্দুল্লাহ ইবনে মাসউদ বলেনঃ পরবর্তীতে আমি দেখলামঃ লোকটি কাফের অবস্থায় নিহত হয়েছে।

## English

Prostrations during the recitation of the Qur'an

Narrated `Abdullah bin Mas`ud:

The Prophet (ﷺ) recited Suratan-Najm (103) at Mecca and prostrated while reciting it and those who were with him did the same except an old man who took a handful of small stones or earth and lifted it to his forehead and said, "This is sufficient for me." Later on, I saw him killed as a non-believer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89860

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন